গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৪.২৩-২৬৮/১

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩২ ~~চৈত্র ১৪৩১~~ / ~~মার্চ ২০২৫~~ ১৬ এপ্রিল ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রাজীব কুমার গুহ, সহকারী প্রকৌশলী (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত), টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল হিসেবে দায়িত্ব পালনকালে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন টাঙ্গাইল পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় "টাঙ্গাইল-ভেড়ামারা-ওমরপুর'' রাস্তার উপর নির্মাণাধীন সেতু ঢালাই কাজের পূর্বে সেন্টারিং-এ ড্রইং ও ডিজাইন অনুসরণ না করে গাছের বল্লী ও বাঁশের খুঁটি ব্যবহারে ঠিকাদারকে শুধু চিঠির মাধ্যমে নিষেধ করেন এবং ঢালাইয়ের কাজ বন্ধ না করে বরং ঢালাইয়ের সময় উপস্থিত থেকে দায়িত্বে চরম অবহেলা করেছেন; এবং

২। যেহেতু, তার বিরুদ্ধে পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক) ও (খ) অনুযায়ী 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০৪/২০২৩ রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুতক্রমে স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়; এবং

৩। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনার পরিপ্রেক্ষিতে বিগত ১১ জুলাই ২০২৩ তারিখে বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানী অন্তে অভিযোগ প্রমাণিত হলে ন্যায় বিচারের স্বার্থে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তার বিরুদ্ধে আনীত টাঙ্গাইল পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় "টাঙ্গাইল-ভেড়ামারা-ওমরপুর'' রাস্তার উপর নির্মাণাধীন সেতু ঢালাই কাজের পূর্বে সেন্টারিং-এ ড্রইং ও ডিজাইন অনুসরণ না করে গাছের বল্লী ও বাঁশের খুঁটি ব্যবহারে ঠিকাদারকে শুধু চিঠির মাধ্যমে নিষেধ করেন এবং ঢালাইয়ের কাজ বন্ধ না করে বরং ঢালাইয়ের সময় উপস্থিত থেকে দায়িত্বে চরম অবহেলা এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্তে প্রমাণিত হয়; এবং

৫। যেহেতু, তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক) অনুযায়ী দায়িত্বে অবহেলা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে, যা উক্ত বিধিমালার বিধি ৪১ এ উপ-বিধি (ই) অনুযায়ী দন্ড পাওয়ার যোগ্য অপরাধ; এবং

৬। সেহেতু, জনাব রাজীব কুমার গুহ, সহকারী প্রকৌশলী (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত), টাঙ্গালইল পৌরসভা, টাঙ্গাইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'দায়িত্বে অবহেলা' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি 'ক' ও 'খ' অনুযায়ী 'দায়িত্বে অবহেলা' এবং অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪১ এর উপ-বিধি (ই) অনুযায়ী আদেশ জারির তারিখ হতে ০১ (এক) বছরের জন্য বেতন বর্ধন স্থগিত রাখার লঘু দন্ড প্রদান করা হলো। তিনি কোন বকেয়া প্রাপ্য হবেন না। উল্লেখ্য, তার সাময়িক বরখাস্তকালকে 'অসাধারণ ছুটি' হিসাবে গণ্য করা হবে এবং সাময়িক বরখাস্তকালে অভিযুক্ত কর্মকর্তাকে পৌরসভা কর্তৃক প্রদত্ত খোরপোষ ভাতা ফেরত প্রদান করতে হবে না। একই সঙ্গে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৫/৪/২০২৫
মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
সচিব

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৪.২৩-

তারিখ: চৈত্র ১৪৩১ / মার্চ ২০২৫

অনুলিপি: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে-

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন,স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২),স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। প্রশাসক, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল
৫। সচিবের একান্ত সচিব,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। জনাব রাজীব কুমার গুহ, সহকারী প্রকৌশলী (সিভিল), টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।

16.04.2025
মোহাম্মদ কবির উদ্দীন
উপসচিব